**ত্রিপুরা সরকার**

**তথ্য ও সংস্কৃতি অধিকার**

******

**স-১৭০১**

জিরানীয়া, **১২ জুলাই, ২০২৪**

**ইন্টার স্টেট ট্রাক টার্মিনালের অসমাপ্ত**

**কাজ দ্রুত সম্পন্ন করতে হবে : পরিবহন মন্ত্রী**

আজ জিরানীয়ার মাধববাড়িতে অবস্থিত ইন্টার স্টেট ট্রাক টার্মিনালের কনফারেন্সে হলে ইন্টার স্টেট ট্রাক টার্মিনালের ডেভেলপমেন্ট সোসাইটির এক সভা অনুষ্ঠিত হয়। পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরি টার্মিনালের কার্যক্রম আরোও সুচারুভাবে পরিচালনার উপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন টার্মিনালের অসমাপ্ত কাজ দ্রুত সম্পন্ন করতে হবে, টার্মিনালের অভ্যন্তরে যাতে কোনও ট্রাকচালক বা সংশ্লিষ্ট ব্যক্তির সঙ্গে কোনো রকম বিশৃঙ্খলা না ঘটে সেদিকে প্রশাসনিক কর্মকর্তাদের বিশেষভাবে নজরদারি রাখতে হবে। সবার মধ্যে কাজের ভারসাম্য বজায় রাখতে হবে।

পরিবহন মন্ত্রী তার বক্তব্যে টার্মিনালের সুশৃঙ্খল ব্যবস্থাপনায় পেশাদারিত্ব ও পারস্পরিক সহযোগিতার প্রয়োজনীয়তার কথাও তুলে ধরেন। সভায় উপস্থিত ছিলেন জিরানীয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান প্রীতম দেবনাথ, রানীরবাজার পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন প্রবীণ কুমার দাস, মহকুমা শাসক অনিমেশ ধর, অতিরিক্ত পুলিশ সুপার (সদর গ্রামীণ) হিমাদ্রী প্রাসাদ দাস, বিশিষ্ট সমাজসেবী গৌরাঙ্গ ভৌমিক, রণজিৎ রায় চৌধুরি সহ টার্মিনাল ডেভেলপমেন্ট সোসাইটির সদস্যগন এবং পূর্ত দপ্তর, সহ সংশ্লিষ্ট কাজের সঙ্গে যুক্ত বিভিন্ন দপ্তরের প্রতিনিধিগন।

******